

## AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 19-12-2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় সরকার এক দেশ – এক নির্বাচন সংক্রান্ত বিলগুলিকে আজ যৌথ সংসদীয় কমিটিতে পাঠাবে।

২) রাজ্যে পঞ্চায়েত ও পুরসভাগুলির আর্থিক পরিস্থিতি সহ একাধিক বিষয়ে পর্যালোচনায় রাজ্য সরকার ষষ্ঠ অর্থ কমিশন গঠন করেছে।

৩) রাজ্য সরকার চলতি বছরে আরও বেশি পরিমাণ জমিতে সেচের জল সরবরাহ করবে।

৪) পশ্চিমবঙ্গে বিনিয়োগে আগ্রহীদের সরকার পূর্ণ সহযোগিতা করবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। নিউটাউনে ইনফোসিসের দ্বিতীয় ক্যাম্পাসের উদ্বোধন করেছেন তিনি।

৫) রাজ্যের বিভিন্ন জেলায় আগামী ২ দিন বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দফতরের।

০০০০০০০০০০০০০০০০০০০০

এক দেশ এক নির্বাচন সংক্রান্ত বিলটিকে সরকার পরীক্ষা নিরীক্ষার জন্য যৌথ সংসদীয় কমিটির কাছে পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। প্রস্তাবিত এই কমিটিতে ২১ জন লোকসভার এবং ১০ জন রাজ্যসভার সাংসদ থাকবেন। এদের মধ্যে উল্লেখযোগ্য বিজেপি-র পিপি চৌধুরী, অনুরাগ সিং ঠাকুর, পুরষোত্তমভাই রূপালা, কংগ্রেসের প্রিয়াঙ্কা গান্ধী, মণিশ তিওয়ারী, তৃণমূল কংগ্রেসের কল্যাণ ব্যানার্জী, এন সি পি-র শরদ পাওয়ার গোষ্ঠীর সুপ্রিয়া সুলে।

উল্লেখ্য, মঙ্গলবার লোকসভায় এসংক্রান্ত দুটি বিল উপস্থাপিত হয়। ভোটাভুটিতে পক্ষে ভোট পড়েছে ২৬৯-টি, বিপক্ষে ১৯৬-টি ভোট পড়ে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে পঞ্চায়েত ও পুরসভাগুলির আর্থিক পরিস্থিতি সহ একাধিক বিষয়ে পর্যালোচনায় ষষ্ঠ অর্থ কমিশন গঠন করেছে রাজ্য সরকার। প্রাক্তন মুখসচিব হরি কৃষ্ণ দ্বিবেদীর নেতৃত্বে ৫ সদস্যের এই কমিশন আগামী বছরের ১ এপ্রিল থেকে কাজ শুরু করবে। কমিশনের মেয়াদ পাঁচ বছর। যদিও কাজ শুরু করার ছয় মাসের মধ্যেই ষষ্ঠ অর্থ কমিশন তাদের প্রাথমিক সুপারিশ রাজ্যপালের কাছে জমা দেবে বলে অর্থ দফতর থেকে জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

অর্থ কমিশন রাজ্যের পঞ্চায়েত এবং পুরসভাগুলির আর্থিক পরিস্থিতি পর্যালোচনা করবে। পাশাপাশি বিভিন্ন খাতে রাজ্য সরকারের আয়ের কত অংশ এই স্থানীয় সংস্থাগুলি পাবে তাও বিচার করবে কমিশন। শুধু রাজ্য সরকারের প্রদেয় অর্থ নয়, পঞ্চায়েত-পুরসভা কীভাবে নিজেদের আয় বৃদ্ধি করবে, তার রূপরেখাও তৈরির দায়িত্ব রাজ্য অর্থ কমিশনের ওপর ন্যস্ত।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ২০০ একর জমিতে সরকার বাংলা সিলিকন ভ্যালি তৈরি করছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। গতকাল নিউটাউনের হাতিশালায় ইনফোসিসের দ্বিতীয় ক্যাম্পাসের উদ্বোধন উপলক্ষে ভাষণে মুখ্যমন্ত্রী বলেন, প্রায় ২৭ হাজার কোটি টাকা এখানে লগ্নি হবে।

(বাইট – মমতা সিলিকন ভ্যালি)

বাংলাকে আইটি হাব বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন, এ রাজ্যে এখন কাজের সুযোগ প্রচুর। ২২ টি আইটি পার্ক তৈরি হয়েছে। রাজ্যে দক্ষ কর্মীর কোনো অভাব নেই বলেও তিনি উল্লেখ করেন। গত ১৩ বছরে একটিও কর্মদিবস নষ্ট হয়নি বলে জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, পশ্চিমবঙ্গে কেউ বিনিয়োগ করতে চাইলে সরকার পূর্ণ সহযোগিতা করবে। রাজ্য সরকার কর্মসংস্থানের জন্য নানা নীতি তৈরি করেছে বলেও জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

ফেব্রুয়ারি মাসে বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনে শিল্পপতি ও বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের আহ্বান জানিয়েছেন তিনি।

উল্লেখ্য, হাতিশালায় ১৭ একর জমির ওপর ইনফোসিসের দ্বিতীয় ক্যাম্পাসটি গড়ে উঠেছে। এখানে কর্ম সংস্থান হবে অন্তত ৪ হাজার জনের।

রাজ্যে এই প্রকল্প আদৌ বাস্তবায়িত হবে কিনা সেই প্রশ্ন তুলেছেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার।

(বাইট – সুকান্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশ থেকে অবৈধভাবে প্রবেশ করা ব্যক্তিদের জন্য ভূয়ো পাসপোর্ট তৈরির চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ধৃত দীপঙ্কর দাসকে ব্যাঙ্কশাল আদালত ২৬ শে ডিসেম্বর পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠিয়েছে। কলকাতা পুলিশ

বেহালার পর্ণশ্রী থেকে দীপঙ্করকে গ্রেফতার করে। এর আগে এই চক্রের আরও ৪ জনকে পাকড়াও করেছিল পুলিশ।

ভুয়ো পাসপোর্ট কাণ্ডে রাজ্য সরকারের কড়া সমালোচনা করেছেন প্রাক্তন সাংসদ কংগ্রেসের বর্ষীয়ান নেতা অধীর রঞ্জন চৌধুরী। গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন, পশ্চিমবঙ্গ অপরাধের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে। জাল পাসপোর্টকাণ্ডে এই গ্রেপ্তারিকে তিনি হিমশৈলের চূড়া মাত্র বলে উল্লেখ করেন।

পাসপোর্ট জালিয়াতির ঘটনা বর্তমানে অনেক কমেছে বলে দাবি করেছেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ। বিষয়টি কেন্দ্রীয় সরকারেরই দেখা উচিত বলে উল্লেখ করেছেন তিনি।

(বাইট - কুনাল)

কেন্দ্রীয় সরকারের দিকে আগুল না তুলে রাজ্য সরকারের জালিয়াতি রোধে ব্যবস্থা নেওয়া উচিত বলে বিজেপি রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায় মন্তব্য করেছেন।

(বাইট - জগন্নাথ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনের (আইএমএ) রাজ্য শাখার সম্পাদক পদে পুনরায় নির্বাচিত হলেন ডাক্তার শান্তনু সেন। ৪৩০ টি ভোট পেয়েছেন তিনি। ওই পদের জন্য শান্তনু সেন ছাড়াও দু'জন প্রতিদ্বন্দ্বী ছিলেন। ডাক্তার সুকান্ত চক্রবর্তী পেয়েছেন ১১৬ টি ভোট এবং আরেকজন পেয়েছেন ২৬টি ভোট। গণনাকে কেন্দ্র করে বিশৃঙ্খল পরিস্থিতি এড়াতে নিয়োগ করা হয় বাউন্সার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আমাদের সংবাদ শোনা যাবে ইউটিউব চ্যানেল আকাশবাণী সংবাদ বাংলা, ফেসবুক ও ইন্সটাগ্রাম আকাশবাণী সংবাদ কলকাতা এবং এক্স হ্যান্ডেল এ আই আর নিউজ কলকাতাতে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার চলতি বছরে আরও বেশি পরিমাণ জমিতে সেচের জল সরবরাহ করবে। এই লক্ষ্যে এ বছর জলের পরিমাণ ৩২ শতাংশ বৃদ্ধি করা হচ্ছে। ডিভিসি, ময়ূরাক্ষী ও তিস্তা ক্যানেল দিয়ে মোট ১৫ লক্ষ একর জমিতে চাষের জল সরবরাহ করা হবে। ডিভিসি-র সঙ্গে এক বৈঠকের পর রাজ্যের কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানিয়েছেন যে, রবি মরশুমে চাষের জন্য আগামী ৫ই জানুয়ারি ডিভিসি, বিভিন্ন ক্যানেল থেকে জল ছাড়বে। বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ এবং সেচ, কৃষি ও বিদ্যুৎ দপ্তরের সচিবরা। পাশাপাশি ছিলেন রাজ্যের সেচ মন্ত্রী মানস ভূঁইয়া, পঞ্চগয়েত মন্ত্রী প্রদীপ মজুমদার, কৃষিমন্ত্রী শোভন দেব চট্টোপাধ্যায়, বিদ্যুৎ মন্ত্রী অরুণ বিশ্বাস।

০০০০০০০০০০০০০০০০০০০০

সচিব পদে বড়সড় রদবদল করেছে। গতকাল এই সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ২০০৬ ব্যাচের IAS ওয়াই রত্নাকর রাওকে অপ্রচলিত ও পুনঃব্যবহারযোগ্য শক্তি উৎস বিভাগের সচিবের দায়িত্ব দেওয়া হয়েছে। কর্মী ও প্রশাসনিক সংস্কার বিভাগের পাশাপাশি দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এবং প্রেসিডেন্সি বিভাগের বিভাগীয় কমিশনারের অতিরিক্ত দায়িত্ব সামলাবেন ২০০৪ ব্যাচের আইএএস জগদীশ প্রসাদ মীনা। কারা প্রশাসন দফতরের প্রধান সচিবের দায়িত্বে আনা হয়েছে আইপিএস ডাঃ রাজেশ কুমারকে। একই সঙ্গে পরিবেশ দফতরের সচিবের দায়িত্ব দেওয়া হয়েছে অতিরিক্ত মুখ্য সচিব রোশনি সেনকে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের যুগ্ম সচিবের দায়িত্ব পালন করবেন ২০১৬

ব্যাচের IAS বিবেক কুমার। একইভাবে পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম-এর ম্যানেজিং ডিরেক্টরের দায়িত্ব দেওয়া হয়েছে ২০১২ ব্যাচের IAS অফিসার অভিষেক কুমার তিওয়ারিকে। অন্যদিকে আইএএস শশাঙ্ক শেঠিকে হিডকোর ম্যানেজিং ডিরেক্টরের দায়িত্বে আনা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাজারে যথেষ্ট পরিমাণ আলুর জোগান থাকা সত্ত্বেও বিক্রেতারা কলকাতার বেশ কয়েকটি বাজারে অনেক বেশি দাম নিচ্ছেন, এমন অভিযোগ উঠছে। এর প্রেক্ষিতে টাস্কফোর্সের সদস্যরা গতকাল বেশ কয়েকটি বাজার পরিদর্শনে যান। কাঁকুড়গাছি, ভিআইপি মার্কেটে বেশি দাম নেওয়ার অভিযোগ থাকায় আলু বিক্রেতাদের সতর্ক করে দেওয়া হয়। আলুর দাম কেজি প্রতি ৩০ টাকার বেশি নিলে আইনানুগ ব্যবস্থা গ্রহণেরও ইঁশিয়ারি দিয়েছেন টাস্কফোর্সের সদস্যরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের মেমারি থানার কৃষ্টিপাড়ায় একটি বাড়ি থেকে বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার করেছে পুলিশ। বাজেয়াপ্ত করা হয়েছে বিপুল নগদ টাকাও। গাঁজা কারবারে জড়িত থাকার অভিযোগে সুমিতা সাহানি নামে এক মহিলাকে গ্রেপ্তার করা হয়েছে। নির্দিষ্ট খবরের ভিত্তিতে পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপের একটি দল গতকাল গোখাদ্যের আড়ালে দুটি বস্তায় গাঁজা এবং বেসমেন্টের নীচে টাকা লুকিয়ে রাখা ছিল। উদ্ধার হওয়া টাকা গাঁজা বিক্রির বলে পুলিশের প্রাথমিক অনুমান। কোথা থেকে গাঁজা আনা হত, কারা কিনতেন তার তদন্ত শুরু করেছে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার ঘোষিত সাম্মানিক ও সম কাজে সম বেতনের দাবিতে উত্তর ২৪ পরগনার স্বরূপ নগরে গ্রাম সম্পদ কর্মী ভি আর পি-রা গতকাল প্ল্যাকার্ড, ফেস্টুন হাতে প্রতিবাদে সামিল হন। তাদের অভিযোগ দীর্ঘদিন ধরে সমাজের

বিভিন্ন স্তরে গুরুত্বপূর্ণ পরিষেবা দিয়ে আসছেন ভি আর পি-রা। কিন্তু রাজ্য সরকার ঘোষিত অতিরিক্ত সাড়ে সাতশো টাকা ভাতা তারা এখনও পাননি। পাশাপাশি সম বেতনের সুযোগেরও দাবি জানিয়েছেন আন্দোলনকারীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়ার জয়পুরে হাতির তাড়বে বিঘার পর বিঘা জমির ফসলে ব্যাপক ক্ষতির খবর পাওয়া গেছে। জানা গেছে, ৫২-টি হাতির একটি দল ২ দিন আগে মেদিনীপুরের সীমানা পেরিয়ে, বাঁকুড়ার জঙ্গলে প্রবেশ করে। জয়পুর রেঞ্জের জগন্নাথপুর এলাকার আগারিয়া, মুড়ারডাঙা এলাকায় বেশ কয়েক বিঘা জমিতে আলু, সবজি চাষের ব্যাপক ক্ষতি হয়েছে। তারা পুর বিষয়টির দিকে নজর রাখছেন বলে পাঞ্চেত বন বিভাগের আধিকারিক জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

চলতি সপ্তাহের শেষে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। উত্তরবঙ্গের কয়েকটি জায়গাতেও হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী কয়েক দিন রাজ্যের সর্বত্র তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি বৃদ্ধি পাবে বলে জানিয়েছেন আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত। কলকাতায় আজ সর্ব নিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, ১৬ ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে প্রায় ১ ডিগ্রী বেশি। বেড়েছে সর্বোচ্চ তাপমাত্রাও। গতকাল যা স্বাভাবিকের ২ ডিগ্রী বেশি ২৬ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস রেকর্ড করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

তেলেঙ্গানার ডেকান এরিনা স্টেডিয়ামে গতকাল জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির গ্রুপ পর্বের ম্যাচে বাংলা ২-০ গোলে রাজস্থানকে হারিয়ে দিয়েছে। গোল করেছেন

রবিলাল মান্ডি ও নরহরি শ্রেষ্ঠা। বাংলা তিন ম্যাচে ৯ পয়েন্ট নিয়ে গ্রুপ এ,-র শীর্ষে উঠে এসেছে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo